This Question Paper consists of 30 questions and 8 printed pages.
এই প্রশ্নপত্রটিতে 30টি প্রশ্ন এবং 8টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

Roll No.
রোল নং

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

**Code No.** **63/S/A/B**
কোড নং

**Set / সেট** **A**

# BENGALI
# বাংলা
# (203)

Day and Date of Examination ..................................................................
(পরীক্ষার দিন ও তারিখ)

Signature of Invigilators 1. ..................................................................
(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর)

2. ..................................................................

---

*সাধারণ নির্দেশাবলী* ঃ

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

2. প্রশ্ন-পুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলী পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।

3. বিষয়মূলক (Objective Type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C) এবং (D)-এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর-পুস্তিকায় সেটি নির্দেশ করুন।

4. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।

5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্য স্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নম্বর লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।

6. উত্তর-পুস্তিকায় প্রশ্ন-পুস্তিকার Code No. 63/S/A/B সেট A লিখুন।



**Unnati Educations**
**9899436384, 9654279279**

# BENGALI

## বাংলা

## (203)

সময় ঃ 3 ঘণ্টা ] [ পূর্ণমান ঃ 100

**নির্দেশ ঃ** (i) সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক। প্রতিটি প্রশ্নের সঙ্গে নম্বর দেওয়া আছে।

(ii) প্রশ্ন সংখ্যা 1–20 বিকল্প সমন্বিত প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সঙ্গে 4 টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, সঠিক উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের মান 1 (one)।

**1.** পারসেন্টেজের খাতায় কী পড়ে যাবে? 1

(A) ট্যারা (B) ট্যাংরা

(C) ঢ্যারা (D) ঢ্যাংরা

**2.** ‘‘সে তো ঠিক’’—কোন্ কবিতার অংশ? 1

(A) ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ (B) ‘বঙ্গভূমির প্রতি’

(C) ‘কাণ্ডারী হুঁশিয়ার’ (D) ‘শুধু ভাঙা নয়’

**3.** ‘‘দিবে কোন বলিদান?’’ কোন্ রচনার অংশ? 1

(A) ‘লালু’ (B) ‘কাণ্ডারী হুঁশিয়ার’

(C) ‘জলসত্র’ (D) ‘ধ্বংস’

**4.** ‘‘তিমির রাত্রি’’—‘তিমির’ শব্দটির অর্থ কী? 1

(A) গোধূলি (B) উষা

(C) রাত্রি (D) অন্ধকার

**5.** ‘বঙ্গভূমির প্রতি’ কবিতায় কোন্ ঋতুর কথা উল্লেখ আছে? 1

(A) গ্রীষ্ম-বর্ষা (B) বসন্ত-শরৎ

(C) শীত-হেমন্ত (D) বর্ষা-বসন্ত



Unnati Educations
9899436384, 9654279279

**6.** ''তার কথা প্রায়ই খবরের কাগজে ছাপা হয়।'' তার কথা বলতে কার কথা বলা হয়েছে? 1

(A) অগ্ন্যুদ্‌গম (B) বিস্ফোরণ

(C) তুফান (D) প্রলয়

**7.** ''তাঁরা নিজেদের যথাসর্বস্ব এই কাজে ব্যয় করেছেন''—তাঁরা বলতে এখানে কাদের কথা বলা হয়েছে? 1

(A) কুরি-দম্পতির (B) আইরিন-দম্পতির

(C) সত্যেন্দ্রনাথ-দম্পতির (D) প্রফুল্লচন্দ্র-দম্পতির

**8.** বৃদ্ধ মাধব শিরোমণিমশায় কোথায় যাচ্ছিলেন? 1

(A) শিষ্যবাড়ি (B) চাকরের বাড়ি

(C) বন্ধুবাড়ি (D) কন্যার বাড়ি

**9.** শূন্যস্থান পূরণ করুন :

''ফণীমনসার ঝোপে শটিবনে _____ ছায়া পড়িয়াছে;'' 1

(A) কাদের (B) আমাদের

(C) তাহাদের (D) তোমাদের

**10.** ঝুড়িওয়ালা পথিককে কী দেওয়ার কথা বলছিল? 1

(A) কাঁচা আম (B) কাঁচা জাম

(C) কাঁচা তরমুজ (D) কাঁচা পেয়ারা

**11.** পূর্তি মুণ্ডা যেখানে যেত সেখানে কী বেরুত? 1

(A) মাটি, কয়লা (B) অভ্র, কয়লা

(C) কয়লা, হিরে (D) অভ্র, কাঁচ

**12.** শূন্যস্থান পূরণ করুন :

''স্বাদটা বকুলের ফুলের মতো _____।'' 1

(A) টক (B) মিষ্টি

(C) কষা (D) তেতো



Unnati Educations
9899436384, 9654279279

**13.** নবাবগঞ্জ আশ্রমের মুখপত্রের নাম 1

(A) 'কাগজে খড়ি'
(B) 'হাতে খড়ি'
(C) 'মাথায় খড়ি'
(D) 'আঙ্গুলে খড়ি'

**14.** ব্রাহ্মণ প্রাধান্যের আগে কাদের প্রাধান্য ছিল? 1

(A) বৌদ্ধ প্রাধান্য, জৈন প্রাধান্য
(B) বৌদ্ধ প্রাধান্য, ব্রাহ্মণ প্রাধান্য
(C) জৈন প্রাধান্য, ব্রাহ্মণ প্রাধান্য
(D) রাজন্যবর্গের প্রাধান্য

**15.** 'দাঁড়াও' কবিতাটির লেখকের নাম কী? 1

(A) শক্তি চট্টোপাধ্যায়
(B) শক্তি বন্দ্যোপাধ্যায়
(C) শক্তি সেন
(D) শক্তি গাঙ্গুলী

**16.** ''আমি কিন্তু মনে মনে বুঝেছি সে ভাষা।'' কে ভাষা বুঝেছেন? 1

(A) মা
(B) বাবা
(C) কবি
(D) নাট্যকার

**17.** 'পুষ্পের মঞ্জিল্'—'মঞ্জিল' শব্দের অর্থ কী? 1

(A) চালা
(B) বারান্দা
(C) ঘর
(D) ছাদ

**18.** মনোহর চাটুজ্জের বাড়িতে ঢুকে পায়ের ধুলো নিয়েছিল 1

(A) লালু
(B) লালুর বাবা
(C) বাঁড়ুজ্জে
(D) কাপালিক

**19.** 'তব সম্মুখে'—সামনে কী বলেছেন কবি? 1

(A) পলাশ ফুল
(B) পলাশ ফল
(C) পলাশ গাছ
(D) পলাশ প্রান্তর

**20.** 'ডরি শমনে'—'শমনে'র অর্থ কী? 1

(A) ইন্দ্রকে
(B) যমকে
(C) বিষ্ণুকে
(D) বরুণকে


Unnati Educations
9899436384, 9654279279

**21.** 21(ক)–21(চ) প্রশ্নগুলির উত্তর *10–12*টি শব্দে লিখুন :

(ক) ''ভেঙো নাকো,''—কবি ভাঙতে না বলেছেন কেন? 1

(খ) ''দিতে হবে অধিকার।'' অধিকার দেওয়ার কথা কেন বলেছেন? 1

(গ) মাইকেল মধুসূদন দত্ত বঙ্গভূমির কাছে কী মিনতি করেছেন? 1

(ঘ) জার্মানীর সঙ্গে ফ্রান্সের যুদ্ধ পিয়ের শোপ্যাঁর উপর কী প্রভাব ফেলেছিল? 1

(ঙ) বৌদ্ধধর্মের শিক্ষায় সংস্কৃতি কীরূপ ছিল? 1

(চ) 'রেকর্ড' গদ্যে লেখকের কৌতূহল হলো কেন? 1

**22.** 22(ক)–22(চ) প্রশ্নগুলির উত্তর অনধিক *30*টি শব্দে লিখুন :

(ক) শিশুটি তার হাত মুষ্টিবদ্ধ করেছে কেন? 2

(খ) ''আজ তার কোনো চিহ্ন নাই''—এখানে কীসের কথা বলা হয়েছে? 2

(গ) ''শ্যামার নরম গান শুনেছিল,''—শ্যামার গানকে নরম বলা হয়েছে কেন? 2

(ঘ) ''হে আমার তরুণ বন্ধুগণ,''—তরুণ বন্ধুদের প্রতি লেখকের আহ্বান কী, ব্যক্ত করুন। 2

(ঙ) 'গোড়ার দিকে' বলতে সামাজিক দৃষ্টিকোণ থেকে লেখকের মন্তব্য ব্যক্ত করুন। 2

(চ) উত্তর দিকের জানলাটির বিশেষত্ব কী বলে লেখক মনে করেন? 2

**23.** 23(ক) ও 23(খ) প্রশ্ন দুটির উত্তর *40–42*টি শব্দে লিখুন :

(ক) কূপমণ্ডূকতা বলতে লেখক কী বুঝিয়েছেন? 3

(খ) ''মানুষ বড়ো কাঁদছে।'' কী কারণে কবি একথা বলেছেন? 3

**24.** 'লালু' গল্পে সামাজিক যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় লিখুন। (অনধিক *100*টি শব্দে উত্তর লিখুন) 8

*অথবা*

''ব্রাহ্মণ কিন্তু ক্রমেই ঘেমে নেয়ে উঠতে লাগলেন।'' ঠিক ঐসময় ব্রাহ্মণের অনুভূতি কেমন ছিল? (অনধিক *100*টি শব্দে উত্তর লিখুন) 8



Unnati Educations
9899436384, 9654279279

**25.** 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় অমরাতে ইন্দ্রের সভায় বেহুলার নাচের তাৎপর্য কবি কীভাবে বিশ্লেষণ করতে চেয়েছেন, বুঝিয়ে দিন। (অনধিক *100*টি শব্দে উত্তর লিখুন) 8

*অথবা*

রবীন্দ্রনাথের 'ওরা কাজ করে' কবিতার নামকরণ কতখানি সংগতিপূর্ণ সে বিষয়ে আপনার যুক্তিপূর্ণ মতামত দিন। (অনধিক *100*টি শব্দে উত্তর লিখুন) 8

**26.** ''ওরা ওদের দেবতাকে কাঁদাচ্ছে পঞ্চক। সেই দেবতারই কান্নায় এ রাজ্যের সকল আকাশ আকুল হয়ে উঠেছে।'' উক্তিটি কার? কোন্ প্রসঙ্গে এরূপ উক্তি? এর যথার্থতা বিচার করুন। 6

**27.** (ক) নিম্নলিখিত যে কোনো **চারটির** প্রত্যয় গঠন করুন : 1×4=4

(১) ভীতি

(২) উঠতি

(৩) ডুবন্ত

(৪) মিশুক

(৫) দাতব্য

(খ) নিম্নলিখিত যে কোনো **চারটির** সন্ধি বিচ্ছেদ করুন : 1×4=4

(১) দিঙ্‌মণ্ডল

(২) চিরাচরিত

(৩) বহ্বারম্ভ

(৪) নীরব

(৫) অতীত


Unnati Educations
9899436384, 9654279279

(গ) নিম্নলিখিত যে কোনো **চারটির** ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন : 1×4=4

(১) রথদেখা

(২) নীলাকাশ

(৩) পঞ্চবটী

(৪) পীতাম্বর

(৫) রাম-লক্ষ্মণ

(ঘ) নিম্নলিখিত যে কোনো **চারটির** পদান্তর করুন : 1×4=4

(১) জটা

(২) আক্রমণ

(৩) প্রসাদ

(৪) স্নেহ

(৫) পাঠ

**28.** অনধিক *75*টি শব্দে ভাবসম্প্রসারণ করুন : 5

"ছোটো ছোটো বালুকণা, বিন্দু বিন্দু জল,
গড়ে তোলে মহাদেশ, সাগর অতল।"

*অথবা*

"আপনারে লয়ে বিব্রত রহিতে আসে নাই কেহ অবনী 'পরে।
সকলের তরে সকলে আমরা প্রত্যেকে মোরা পরের তরে।।"


Unnati Educations
9899436384, 9654279279

**29.** অনিয়মিত চিঠি সরবরাহের বিষয়ে সংশ্লিষ্ট ডাকঘর আধিকারিকের কাছে অভিযোগ জানিয়ে পত্র রচনা করুন। 5

*অথবা*

গ্রন্থাগারে বই কেনার জন্য পুস্তক বিক্রেতার কাছে ফরমাশ জানিয়ে চিঠি লিখুন। 5

**30.** যে কোনো **একটি** বিষয়কে অবলম্বন করে অনধিক *120*টি শব্দে প্রবন্ধ লিখুন : 8

(ক) বৃক্ষরোপণ (রচনা সংকেত : ভূমিকা—আধুনিক যন্ত্রসভ্যতা ও পরিবেশের ভারসাম্য—বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা—বৃক্ষরোপণের উদ্যোগ—উপসংহার)

(খ) আমার প্রিয় লেখক (রচনা সংকেত : ভূমিকা—জীবনকথা—সাহিত্যকীর্তি—রচনা-বৈশিষ্ট্য—উপসংহার)

(গ) বিজ্ঞানসাধনায় ভারত (রচনা সংকেত : ভূমিকা—প্রাচীন ভারতে বিজ্ঞানচর্চা—আধুনিক ভারতে বিজ্ঞানচর্চার নানাদিক—মহাকাশ গবেষণায় নানাদিক—পারমাণবিক গবেষণায় ভারত—সামুদ্রিক গবেষণায় ভারত—উপসংহার)

(ঘ) ভারতের জাতীয় সংহতি (রচনা সংকেত : ভূমিকা—জাতীয় ক্ষেত্রে অসংহতির লক্ষণ—অসংহতির কারণ—জাতীয় সংহতি সুদৃঢ় করার উপায়—উপসংহার)

★ ★ ★



**Unnati Educations**
**9899436384, 9654279279**